দৈনিক ইনকিলাব

তারিখ MAR. 1 1999
পৃষ্ঠা: ৮ কলাম ২

# তেজগাঁ কলেজের গভর্নিং বডি ও শিক্ষক পরিষদ নির্বাচনে অধ্যক্ষবিরোধী প্যানেল জয়ী

স্টাফ রিপোর্টার ঃ মঙ্গলবার অনুষ্ঠিত তেজগাঁও কলেজের গভর্নিং বডির তিনজন শিক্ষক প্রতিনিধি এবং শিক্ষক পরিষদের চারজন কর্মকর্তা নির্বাচনে প্রিন্সিপাল সমর্থিত প্যানেলের ভরাডুবি ঘটেছে। নির্বাচনে বর্তমান অধ্যক্ষ জনাব আবদুর রশিদ বিরোধী পরিষদের শিক্ষকরা পূর্ণ প্যানেলে জয় লাভ করেছেন। গভর্নিং বডির নবনির্বাচিত শিক্ষক প্রতিনিধিগণ হচ্ছেন- ইসলামিক স্টাডিজ বিভাগের এএসএম এনায়েত উল্লাহ, মার্কেটিং বিভাগের মোহাম্মদ করিম ও পদার্থ বিজ্ঞান বিভাগের আজিজুর রহমান। মোট ৮১ ভোটের মধ্যে তারা পেয়েছেন যথাক্রমে ৫০, ৪৭ ও ৪৩ ভোট। অপরদিকে শিক্ষক পরিষদের নির্বাচিত কর্মকর্তাগণ হচ্ছেন- সম্পাদক পদে গণিত বিভাগের আলী আক্কাস (৪২ ভোট), সহ-সম্পাদক পদে ইংরেজী বিভাগের মুহম্মদ এনামুল হক (৪৯ ভোট) ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের এবিএম গোলাম ফারুক (৪২ ভোট) এবং কোষাধ্যক্ষ পদে ব্যবস্থাপনা বিভাগের মোহাম্মদ হানিফ (৪৮ ভোট)। সাধারণ শিক্ষকদের মতে, এই নির্বাচনী ফলাফল সম্প্রতি বিতর্কিত পন্থায় নিয়োগকৃত প্রিন্সিপালের বিরুদ্ধে শিক্ষকদের অনাস্থা প্রকাশেরই শামিল।